দৈনিক ইত্তেফাক

96

তারিখ APR 17 1999
পৃষ্ঠা ৩ কলাম ২

# বেসরকারী স্কুলের রেজিষ্ট্রেশন বাধ্যতামূলক

গত বৃহস্পতিবার শিক্ষা-মন্ত্রণালয়ের এক বিজ্ঞপ্তিতে জানানো হইয়াছে, সরকারী বিধান অনুযায়ী বেসরকারী যে কোন স্কুলের রেজিষ্ট্রেশন বাধ্যতামূলক। কিন্তু অনেক বেসরকারী ইংরেজি মিডিয়াম স্কুল,

( ৫ম পৃঃ দ্রঃ )

## বেসরকারী স্কুলের

( ৩য় পৃঃ পর )

নার্সারী, প্রিপারেটরী ও কিণ্ডারগার্টেন স্কুল এবং জুনিয়র কেমব্রীজ, কেমব্রিজ, সিনিয়র কেমব্রিজ প্রভৃতি নামের প্রতিষ্ঠানসমূহ কোন প্রকার রেজিষ্ট্রেশন ছাড়াই তাদের কার্যক্রম পরিচালনা করিতেছে। রেজিষ্ট্রেশন বহির্ভূত এধরনের কার্যক্রম আইনের পরিপন্থী এবং আইনতঃ দণ্ডনীয়।

যে সকল কর্তৃপক্ষ রেজিষ্ট্রেশন ছাড়া স্কুল পরিচালনা করিতেছেন তাহাদের সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কাছ থেকে রেজিষ্ট্রেশন নেওয়ার পরামর্শ দেওয়া হইয়াছে —তথ্য বিবরণী